

# Statement on All Party Meeting of 19th June 2020

June 20, 2020

## 19 জুন 2020 তে অনুষ্ঠিত সর্বদলীয় বৈঠকের উপর বিবৃতি

জুন 20, 2020

গতকাল সর্বদলীয় বৈঠকে (এপিএম) মাননীয় প্রধানমন্ত্রীর করা মন্তব্য নিয়ে কোন কোন মহলে ক্ষতিকর ব্যাখ্যা দেওয়ার চেষ্টা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী পরিষ্কার বলেছেন যে প্রকৃত নিয়ন্ত্রণরেখা (এলএসি) লঙ্ঘন করার যে কোন প্রচেষ্টার বিরুদ্ধে দৃঢ়ভাবে জবাব দেওয়া হবে। প্রকৃত অর্থে তিনি অতীতে এই ধরনের চ্যালেঞ্জের প্রতি অবহেলা করার বিপরীতে এখন প্রকৃত নিয়ন্ত্রণরেখা ভঙ্গ করার যে কোন চেষ্টার বিরুদ্ধে ভারতীয় সামরিক বাহিনীর চূড়ান্তভাবে বাধ দেওয়ার সক্ষমতার উপর বিশেষভাবে জোর দিয়েছেন।

সর্বদলীয় বৈঠকে এই তথ্যও দেওয়া হয় যে এই সময় চৈনিক সামরিক বাহিনী বৃহত্তর শক্তি নিয়ে এসেছিল এবং ভারতের জবাব ছিল তার সমানুপাতিক। প্রকৃত নিয়ন্ত্রণ রেখা লঙ্ঘনের বিষয়ে পরিষ্কার বলা হয়েছে যে 15ই জুন গালওয়ানে হিংসার ঘটনা ঘটায় কারণ প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর চৈনিক পক্ষের কাঠামো নির্মাণ করার চেষ্টা এবং এই ধরনের কাজ থেকে বিরত থাকার অনুরোধ প্রত্যাখ্যান করা।

সর্বদলীয় বৈঠকে মাননীয় প্রধানমন্ত্রীর করা মন্তব্যের কেন্দ্র বিন্দু ছিল 15ই জুনের গালওয়ানের ঘটনা যাতে ভারতীয় সামরিক বাহিনীর 20 জন কর্মীর জীবনহানি হয়। সেখানে চৈনিক বাহিনীর নকশা প্রতিহত করতে আমাদের সশস্ত্র বাহিনীর শৌর্য এবং দেশপ্রেমের ভূমিকার প্রতি মাননীয় প্রধানমন্ত্রী ভাবাবেগপূর্ণ শ্রদ্ধা জ্ঞাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর পর্যবেক্ষণ বলে যে আমাদের সশস্ত্র বাহিনীর বীরত্বের ফলস্বরূপ প্রকৃত নিয়ন্ত্রণ রেখায় আমাদের অধিকারভুক্ত দিকে কোন চৈনিক উপস্থিতি নেই। 16 বিহার রেজিমেন্টের সৈন্যদের আত্মত্যাগ সেই দিন কাঠামো নির্মাণ করার চৈনিক প্রচেষ্টা ব্যর্থ করেছিল এবং এই স্থানে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা লঙ্ঘন করার প্রচেষ্টাও প্রতিহত করেছিল।

মাননীয় প্রধানমন্ত্রীর কথায় “ যারা আমাদের ভূখন্ডের সীমানা লঙ্ঘন করার চেষ্টা করেছিল তাদের আমাদের সাহসী ভূমিপুত্ররা উপযুক্ত শিক্ষা দিয়েছে”- যা সংক্ষেপে আমাদের সশস্ত্র বাহিনীর আত্মিক বৈশিষ্ট্য এবং মূল্যবোধ সম্পর্কে কথা বলে। মাননীয় প্রধানমন্ত্রী আরও জোর দিয়েছেন, “ আমি আপনাদের নিশ্চিত করতে চাই যে আমাদের সীমান্ত রক্ষা করতে আমাদের সশস্ত্র বাহিনী কোন পদক্ষেপ নিতেই পিছুপা হবে না”।

ভারতের ভূখন্ড কতখানি তা ভারতের মানচিত্র থেকেই পরিষ্কার। এই সরকার তার প্রতি দৃঢ়ভাবে এবং অটলভাবে অঙ্গীকারবদ্ধ। যাই হোক না কেন বেআইনিভাবে কিছু দখলীকৃত ভূখন্ড রয়েছে, গত 60 বছরে কিভাবে 43,000 স্কোয়ার কিলোমিটার বিভিন্ন পরিস্থিতির অধীনে দখল হয়েছে সেই ব্যাপারে সর্বদলীয় বৈঠক সংক্ষেপে পুঙ্খনাপুঙ্খ বর্ণনা করেছে যার সম্বন্ধে এই দেশ যথেষ্ট সচেতন।

যখন আমাদের সাহসী সৈনিকরা আমাদের সীমান্ত রক্ষা করছে তখন এটা খুব দুর্ভাগ্যজনক যে তাদের মানসিক অবস্থা দুর্বল করতে একটি অপ্রয়োজনীয় বিতর্ক তৈরি করা হয়েছে। যদিও এই জাতীয় সংকটের সময় সর্বদলীয় বৈঠকের মূল আবেগটি ছিল সরকার এবং সশস্ত্র বাহিনীর প্রতি দ্ব্যর্থহীন সমর্থন। আমরা দৃঢ় বিশ্বাসী যে কোন রকম উদ্দেশ্য প্রণোদিত প্রচার ভারতীয় জনগণের ঐক্যকে দুর্বল করতে পারবে না।

নিউ দিল্লি

জুন 20, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.